১৫

দৈনিক ইত্তেফাক

তারিখ ... DEC. 20 1999 ...
পৃষ্ঠা ১৫ কলাম ৮...

# কৃষি ইনষ্টিটিউটকে বিশ্ববিদ্যালয় করার দাবী

দেশের খ্যাতিমান প্রবীণ কৃষিবিদগণ শেরে বাংলা নগরস্থ বাংলাদেশ কৃষি ইনষ্টিটিউটকে কৃষি মন্ত্রণালয়ের সহিত সংযুক্ত রাখিয়াই কৃষি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি আহ্বান জানান। তাহারা হাজী দানেশ কৃষি কলেজ ও পটুয়াখালী কৃষি কলেজকেও বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পরিবর্তে কৃষি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের আহ্বান জানান।

কৃষিবিদগণ এক বিবৃতিতে বলেন, বিরাজমান খাদ্য সমস্যা ও অর্থনৈতিক সংকটের আলোকে কৃষি উন্নয়ন কার্যক্রম ত্বরান্বিত করার উদ্দেশ্যে কৃষি শিক্ষার ব্যাপক প্রসার এবং একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলার জন্য প্রয়োজনীয় কৃষি প্রযুক্তি উদ্ভাবন করা একান্ত প্রয়োজন।

বিবৃতিতে স্বাক্ষরকারীদের মধ্যে রহিয়াছেন সাবেক কেবিনেট সচিব ও প্রাক্তন কৃষিমন্ত্রী মোঃ মাহবুবউজ্জামান, সাবেক বিএআরসির নির্বাহী চেয়ারম্যান ডঃ কাজী এম বদরুদ্দোজা, ধান গবেষণা ইনষ্টিটিউটের সাবেক মহাপরিচালক ডঃ শাহ মোঃ হাসানুজ্জামান, সাবেক সচিব মোঃ শহীদুল ইসলাম, ডঃ এএইচ এম মোশাররফ হোসেন, প্রফেসর এম এ হাসনাত, এম এ সামাদ প্রমুখ।